"১৪৩২ বাংলা সনের জন্য হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লালমনিরহাট সদর উপজেলার নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে। ইজারা বন্দোবস্ত গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/আগ্রহী দরপত্র দাতাগণের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

তফসিল

ক্রঃ নং	হাট-বাজারের নাম	ইউনিয়ন	বাংলা ১৪৩২ সনের জন্য কাংখিত সরকারী ইজারা মূল্য	দরপত্র মূল্য (অফেরত যোগ্য)	দরপত্র ক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন সময়)	দরপত্র দাখিলের তারিখ সকাল ১০.০০টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	মোগলহাট	মোগলহাট	১,৪১,০১৬/-	১,০০০/-	১ম বার ২৭/০১/২০২৫খ্রিঃ ২য় বার ০৩/০৩/২০২৫খ্রিঃ ৩য় বার ১৯/০৩/২০২৫খ্রিঃ	১ম বার ২৮/০১/২০২৫খ্রিঃ ২য় বার ০৪/০৩/২০২৫খ্রিঃ ৩য় বার ২০/০৩/২০২৫খ্রিঃ	০৬ ও ০৭ নং কলাম সকল হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য
০২	দুড়াকুটি হাট		৮৪,২৩,৯৯৭/-	১৭,৬০০/-			
০৩	মেঘারামহাট		২২,২২৫/-	৫০০/-			
০৪	ভাটিবাড়ীহাট		২৩,৪৬৪/-	৫০০/-			
০৫	খারুয়াহাট		৮,০২১/-	৫০০/-			
০৬	কুলাঘাটহাট	কুলাঘাট	১,৭৩,৫৯৩/-	১,০০০/-			
০৭	টিকটিকিরহাট		১,০৬০/-	৫০০/-			
০৮	ওয়াপদা বাজার		৪৫,৪৭৪/-	৫০০/-			
০৯	বুড়িরহাট	মহেন্দ্রনগর	৩,১৫,৩১১/-	১,৪০০/-			
১০	মহেন্দ্রনগরহাট	হারাটি	৭,৮৭,৬৬৯/-	২,২০০/-			
১১	ওকড়াবাড়ীহাট		৪৩,২৭৭/-	৫০০/-			
১২	ফড়িং-এর দিঘীহাট		১৮,১৬০/-	৫০০/-			
১৩	খুনিয়াগাছহাট	খুনিয়াগাছ	১,৩০,১৩৩/-	১,০০০/-			
১৪	চওড়াহাট		৯৩,৯৩৫/-	৫০০/-			
১৫	মিলনবাজার		২৪,৪৩১/-	১০০০/-			
১৬	মারাইরহাট	রাজপুর	১,৪৬,৯১২/-	১,০০০/-			
১৭	তিস্তাহাট	গোকুন্ডা	৬,১০,৫৯৬/-	২,০০০/-			
১৮	মোস্তফীহাট		৬,৮৬,৭০৪/-	২,০০০/-			
১৯	মন্ডলেরহাট		৩,৯৩২/-	৫০০/-			
২০	ফকিরের তকেয়াহাট	পঞ্চগ্রাম	২,৬৭,৪৬৫/-	১,২০০/-			
২১	সিন্দুরমতিহাট		১,৫৩,৭০১/-	১,০০০/-			
২২	দেউতিরহাট		৫১,৯৪৪/-	৫০০/-			
২৩	কিসামত নগরবন্দহাট		১০,৯৮৯/-	৫০০/-			
২৪	বড়বাড়ীহাট	বড়বাড়ী	১,৭২,১৫,৩০১/-	৩৫,২০০/-			
২৫	সেলিমনগর(খেদাবাগ)হাট		৩৬,৭৭৪/-	৫০০/-			

শর্তাবলী:

০১. জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট, সহকারী কমিশনার (ভূমি)'র কার্যালয়, লালমনিরহাট সদর, লালমনিরহাট, লালমনিরহাট থানা, সোনালী ব্যাংক পিএলসি, লালমনিরহাট শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত অফেরতযোগ্য মূল্যে তফসিলের ০৬ নং কলামে বর্ণিত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দরপত্র ফরম (সিডিউল) সংগ্রহ বা ক্রয় করা যাবে। বর্ণিত তফসিলের ০৭ নং কলামে উল্লিখিত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট, পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট, সহকারী কমিশনার (ভূমি)'র কার্যালয়, লালমনিরহাট সদর এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্রসমূহ (সিডিউল) গ্রহণ করা হবে। ঐ দিনই বেলা ২.৩০ ঘটিকায় এ বিষয়ে প্রাধিকার প্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক উপস্থিত দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

Scanned with CamScanner

০২. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। ১ম বার ধার্যকৃত তারিখে বর্ণিত তফসিলের ০৪ নং কলামে উল্লিখিত সরকারি মূল্যের নিম্নে কোন দরপত্র কিংবা নীতিমালা অনুযায়ী কাংখিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত তফসিলের ০৬ ও ০৭ নং কলামে বর্ণিত ২য় ও ৩য় বারের ধার্যকৃত তারিখসমূহে পর্যায়ক্রমে বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ, স্থান ও সময়সূচী মোতাবেক দরপত্র বিক্রয় ও গ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে।

০৩. দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর-এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৪. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর, ১৫% ভ্যাট অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট- বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আর এক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র (সিডিউল) বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬. খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭. সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে নিজ খরচে হাট-বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগিয়ে প্রচারের ব্যবস্থা করতে হবে।

০৮. প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯. ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরুপ কোন প্রকার কার্যক্রম পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০. ইজারাদার সমুদয় অর্থ পরিশোধের ০৩(তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২. ইজারাদারকে নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

১৩. ইজারাদারকে নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করতে হবে।

১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬. হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০২/০২/২০২৫

(জান্নাতআরা ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর, লালমনিরহাট
ফোন: ০২-৫৮৮৮৭৭৯৬৬ (অফিস)
unolalmonirat@mopa.gov.bd

(চলমান পাতা-০৩)

Scanned with CamScanner